

Bodhsandhya
Tenth Edition
February, 2006

দশম বর্ষ,
দশম সংখ্যা
ফেব্রুয়ারি, ২০০৬

প্রকাশক ঃ
বোধসন্ধ্যা
এস - ৪৩৯, গ্রেটার কৈলাশ
পার্ট - টু
নিউ দিল্লী - ১১০০৪৮

প্রচ্ছদ
শম্পা সরকার (দাস)

মুদ্রাস্থর বিন্যাস, মুদ্রণ
রমা চক্রবর্তী
ডি-৬৩০, চিত্তরঞ্জন পার্ক
নিউ দিল্লী - ১১০০১৯
ফোন ঃ ৪১৬০৩৯৯৬



বোধসন্ধ্যা

শম্পা সরকার

আমি

তনুকা ভৌমিক এন্দ

আমার দেহ চাবুকে রক্তাক্ত
 আদরে আশ্রুত
 ঘৃণার বিষে নীল
 ক্রোধের আগুনে রক্তিম
 চুম্বনে প্রস্ফুটিত
 সময়ের আঘাতে বিধ্বস্ত
 সে তরুণ
 সে বৃদ্ধ
 তা'র নকশা আমি নিজেই চিনি না
 তা'র জটিল রহস্যের জালে আমি বদ্ধ।
 সে আমাকে নিয়ে যায়
 আজ থেকে কালে
 সময়ের টানেলে শুষে নেয়,
 হিংস্র নখরাঘাত
 বা উষ্ণ আলিঙ্গন।
 গাছ কাটলে মেলে
 তা'র আয়ুর বৃত্ত
 আমার দেহকে কাটলে পাবে
 সময়ের ইতিহাস।
 আমি কখনও ছিলাম
 এখনও আছি
 হয়ত থাকব।



নারীর অধিকার

তনুকা ভৌমিক এন্দ

বহ্নাহীন ইচ্ছের ঘোড়াটাকে ছুটিয়ে দাও
 পেরিয়ে যাও সমুদ্র-প্রান্তর
 চোখে নাও সীমাহীন আকাশ
 হাত বাড়িয়ে মুঠোয় নাও পৃথিবী।

কে বলে তোমার শেষ আছে?

কালো রাজপথের জেরা ক্রসিংয়ের বাইরে
 একবার পা ফেলে দ্যাখো
 রাজপথ কোথায় মিলিয়ে যায়।
 তখন দেশের সীমানা সব ধুয়ে-মুছে একাকার
 পাহাড়-সমুদ্র-নদী
 সবই তোমার

তোমার পরিচয় আজও জানো না?

তুমি তো সম্রাজ্ঞী
 সসাগরা ধরিত্রী তোমারই অপেক্ষায়।